মুজিব বর্ষের আহবান''
দক্ষ হয়ে বিদেশ যান''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০- ৩২৮ | তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের "আগস্ট ২০২০" মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : প্রবাসী কল্যাণ ভবন, ব্রিফিং সেন্টার (২য় তলা), সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৭ সেপ্টেম্বর ২০২০, সকাল- ১১.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব মুশাররাত জেবীন বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এর উপর আলোচনা। | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ উল্লিখিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় নথি নিষ্পত্তির ক্ষেত্রে উদ্ভুত বিভিন্ন সমস্যার উপর আলোকপাত করে একটি গ্রহণযোগ্য সমাধানের বিষয়ে উপস্থিত সকলেই অংশ গ্রহন করেন এবং প্রস্তাব দেন। | ১। প্রতি সমন্বয় সভার পূর্বে সংশ্লিষ্ট পরিচালকগণ তাঁদের আওতাধীন নথিগুলো যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নিবেন; এর উপর একটি সারসংক্ষেপ তৈরী করে সেটি সমন্বয় সভার কার্যপত্রে যুক্ত করা হবে। এই সার-সংক্ষেপের উপর সমন্বয় সভায় আলোচনা হবে।<br>২। পেন্ডিং নথি নিষ্পত্তির উদ্দেশ্যে ক্র্যাশ প্রোগ্রাম হিসেবে প্রয়োজনে অধিক জনবল দিয়ে সংক্ষিপ্ত সময়ের মধ্যে দ্রুত পেন্ডিং নথিগুলো নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। পেন্ডিং তালিকায় কোন পর্যায়ে নথিটি পেন্ডিং আছে সে সংক্রান্ত একটি কলাম সংযোজন করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | প্রস্তাবিত মোবাইল অ্যাপস তৈরীকরণ। | প্রস্তাবিত মোবাইল অ্যাপসটি জুলাই ২০২০ এর সমন্বয় সভার সিদ্ধান্তক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর নিকট উপস্থাপন করা হয়। সেপ্রেক্ষিতে তিনি সভায় প্রস্তাবিত মোবাইল অ্যাপসটির সার্বিক বিষয়াদি তুলে ধরেন এবং কল্যাণ বোর্ডের প্রদেয় সকল কার্যক্রমকে অ্যাপসে অন্তুর্ভুক্ত করণপূর্বক অ্যাপস প্রস্তুতকারী বিভিন্ন প্রতিষ্ঠানের বিষয়েও মতামত ব্যক্ত করেন। সভায় বিষয়টি অবহিত করা হয় এবং এতদসংক্রান্ত প্রস্তাবিত মোবাইল অ্যাপসটি পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | এ বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.০ | প্রবাসী কর্মীর অটিস্টিক /প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা প্রদান। | প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা সংক্রান্ত প্রস্তুতকৃত নীতিমালা পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | এ সংক্রান্ত প্রস্তুতকৃত নীতিমালা পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ৪.০ | পেন্ডিং কাজের পরিমাণ সরেজমিনে পরিদর্শণ। | (ক) করোনার বৈশ্বিক মহামারির কারণে বিদেশে মৃতের সংখ্যা অস্বাভাবিক হারে বৃদ্ধি পাওয়ায় প্রবাসী কর্মীর পরিবারকে কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবা সংক্রান্ত নথির সংখ্যা রেকর্ড পরিমাণ বৃদ্ধি পেয়েছে। বিষয়টি উদ্বেগজনক উল্লেখ করে মহাপরিচালক দ্রুত এগুলি নিষ্পত্তির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার পরামর্শ দেন।<br><br>খ) শ্রম কল্যাণ উইংগুলোর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। প্রয়োজনে টেলিফোনিক আলোচনা করেও এ সকল কাজ নিষ্পত্তি করা সম্ভব। সে বিষয়ে কোনো অস্বস্তি না রেখে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) পরিচালকগণ কর্তৃক তাদের নিয়ন্ত্রনাধীন কর্মকর্তা/কর্মচারীদের সাথে আলোচনা করে দ্রুত নথি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি এবং কাজের অগ্রগতি সম্পর্কে প্রতি সপ্তাহে যে কোনো একদিন সকল নথি উপস্থাপকদের সাথে আলোচনাপূর্বক দ্রুত নথি নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br>খ) শ্রম কল্যাণ উইংগুলোর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। প্রয়োজনে টেলিফোনিক আলোচনা করেও এ সকল কাজ নিষ্পত্তি করতে হবে। | সকল পরিচালক |
| ৫.০ | ডিইএমও'র এর সাথে কল্যাণ বোর্ডের একটি মতবিনিময় সভা আয়োজন । | বিদেশে মৃত প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ দ্রুততম সময়ে প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সকল ডিইএমও এর সহকারী পরিচালক / ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং কল্যাণ বোর্ডের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এ ক্ষেত্রে প্রবাসী কর্মী অধ্যুষিত জেলাসমূহকে অগ্রাধিকার দেয়া হবে এবং ২ থেকে ৩টি পর্যায়ে সভা অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এ লক্ষ্যে সকল ডিইএমও এর সহকারী পরিচালক / ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএমইটি এবং কল্যাণ বোর্ডের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠান করতে হবে। এ ক্ষেত্রে পর্যায়ক্রমে প্রবাসী কর্মী অধ্যুষিত জেলাসমূহের অগ্রাধিকার ভিত্তিতে ২ থেকে ৩টি পর্যায়ে সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ও<br>পরিচালক (প্রশাসন) |
| ৬.০ | প্রবাসী কর্মী মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে চেক স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট প্রেরণ। | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির চেক যথাসময়ে বিতরণের নিমিত্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব ও আরও উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে Zoom মিটিং এর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে চেক বিতরণ অনুষ্ঠানের অভিপ্রায় ব্যক্ত করা হয়। সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে চেক প্রস্তুতের লক্ষ্যে কাজ সম্পন্ন করা দরকার । | শিক্ষা বৃত্তির চেক যথাসময়ে বিতরণের নিমিত্ত প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়সহ প্রধানমন্ত্রী কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে Zoom মিটিংয়ের মাধ্যমে চেক বিতরণ অনুষ্ঠান এবং সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে চেক প্রস্তুত করতে হবে। | পরিচালক (আইআরপি) |
| ৭.০ | প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান/ অসুস্থ্য প্রবাসী কর্মীকে আর্থিক সাহায্য ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত নথি নিষ্পত্তিকরণ। | করোনার বৈশ্বিক মহামারির কারণে বিদেশে মৃতের সংখ্যা অস্বাভাবিক হারে বৃদ্ধি পাওয়ায় কর্মকর্তা/ কর্মচারীদের কাজের পরিধিও বৃদ্ধি পেয়েছে। একই সাথে প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান/ অসুস্থ্য প্রবাসী কর্মীকে আর্থিক সাহায্য ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত অনিষ্পন্ন নথির সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। ফলে কর্মকর্তা/কর্মচারীদের কাজে নিষ্পত্তির পরিমান কম-বেশী পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, যে সকল শাখায় কাজের পরিমাণ কম-বেশী রয়েছে সে সকল শাখার কাজের সমন্বয়পূর্বক কাজের দায়িত্ব পুনঃবন্টন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | অনিষ্পন্ন নথিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যমান জনবলের পাশাপাশি সাময়িকভাবে অতিরিক্ত জনবলকে দায়িত্ব দেয়া যেতে পারে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৮.০ | ঢাকাস্থ বিমানবন্দরে অবস্থিত প্রবাসী কল্যাণ ডেস্কে ব্যবহৃত মাইক্রোবাসে এসি'র মেরামত। | ঢাকা বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে আগত উপ-সহকারী পরিচালক জনাব কামরুল হাসান বলেন, বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের লিফটিং কাজে ব্যবহৃত মাইক্রোবাসটির এসি নষ্ট হয়ে যাওয়ায় কর্মকর্তা/কর্মচারীদের আসা-যাওয়াতে বেশ কষ্ট হচ্ছে। | ঢাকা বিমানবন্দরে অবস্থিত প্রবাসী কল্যাণ ডেস্কে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের লিফটিং কাজে ব্যবহৃত মাইক্রোবাসটির এসি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তা/কর্মচারীদের আসা-যাওয়াতে বেশ কষ্ট হচ্ছে। উক্ত মাইক্রোবাসটির এসি মোরামত অথবা এসি বিশিষ্ট কোনো মাইক্রোবাস প্রদান করা হলে তাদের কষ্ট লাঘব হবে মর্মে সভায় একটি প্রস্তাব উপস্থাপন করেন। বিদ্যমান মাইক্রোবাসটির এসি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | করতে হবে। | |
| ৯.০ | বিবিধ :<br>বিশ্ব ব্যাংকের অর্থায়নে গৃহীত প্রকল্পে জেলা পর্যায়ে অফিস স্থাপন। | করোনার বৈশ্বিক মহামারির কারণে বিদেশ ফেরত কর্মীদের পূর্নবাসনের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের অর্থায়নে গৃহীত প্রকল্পের অধীনে জেলা পর্যায়ে ৩০টি অফিস স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। প্রস্তাবিত অফিসসমূহে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের আলাদা নামফলক ব্যবহার করা হবে মর্মে মহাপরিচালক অভিমত প্রকাশ করেন। | করোনার বৈশ্বিক মহামারির কারণে বিদেশ ফেরত কর্মীদের পূর্নবাসনের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের অর্থায়নে গৃহীত প্রকল্পে জেলা পর্যায়ের প্রস্তাবিত ৩০টি অফিসে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নামফলক ব্যবহার করা হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ হামিদুর রহমান)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ------------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০২০।